সমকাল

তারিখ ... 09 NOV 2016 ...
পৃষ্ঠা ...৫... কলাম ...৫...

# ঢাকার স্কুলে ভর্তিতে ৪০ ভাগ কোটার নীতিমালা জারি

■ সমকাল প্রতিবেদক

ঢাকা মহানগরীর বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী ভর্তিতে এবারও ৪০ শতাংশ এলাকা কোটার বিধান রেখে নীতিমালা জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়। এ নীতিমালার আওতায় দেশের সব বেসরকারি স্কুল-কলেজে প্রাথমিক, নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থী ভর্তি করাতে হবে।

নীতিমালায় বলা হয়েছে, ঢাকা মহানগরীর বেসরকারি স্কুলগুলোতে ভর্তির ক্ষেত্রে বিদ্যালয় সংলগ্ন ক্যাচমেন্ট এলাকার শিক্ষার্থীদের জন্য ৪০ শতাংশ কোটা সংরক্ষণ করতে হবে। অবশিষ্ট আসন সবার জন্য উন্মুক্ত থাকবে। একাধিক শিক্ষা প্রতিষ্ঠান একই ক্যাচমেন্ট এলাকায় থাকলে শিক্ষার্থীরা উভয় প্রতিষ্ঠানেই ভর্তির আবেদন করতে পারবে।

ঢাকা মহানগরসহ এমপিওভুক্ত, আংশিক এমপিওভুক্ত এবং এমপিও-বহির্ভূত সব শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন ফরমের মূল্য হবে সর্বোচ্চ ২০০ টাকা। মফস্বলে সেশন ফিসহ সর্বোচ্চ ভর্তি ফি ৫০০ টাকা, পৌর (উপজেলা) এলাকায় এক হাজার টাকা, পৌর (জেলা সদর) এলাকায় দুই হাজার টাকা এবং ঢাকা ব্যতীত অন্য মহানগরে তিন হাজার টাকা নির্ধারণ করে দেওয়া হয়েছে। আর ঢাকা মহানগরের এমপিওভুক্ত প্রতিষ্ঠানে পাঁচ হাজার এবং আংশিক এমপিওভুক্ত প্রতিষ্ঠানে আট হাজার এবং ইংরেজি মাধ্যম প্রতিষ্ঠান ১০ হাজার টাকার বেশি আদায় করতে পারবে না। উন্নয়ন খাতে কোনো প্রতিষ্ঠান তিন হাজার টাকার বেশি আদায় করতে পারবে না।